



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট



তারিখঃ ৩০ কার্তিক ১৪২৮
 ১৫ নভেম্বর ২০২১

প্রশাসনিক পরিপত্র নং- ৫০/২০২১

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর কর্মচারীগণের গোষ্ঠী মেয়াদী বীমা স্কিম গ্রহণ এবং চাকুরিরত অবস্থায় অকাল মৃত্যুবরণকারী ও গুরুতর আহত হয়ে স্থায়ীভাবে অক্ষম কর্মচারীগণকে এককালীন অনুদান প্রদানের বিষয়ে নীতিমালা প্রণয়নের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:

১.	মহাব্যবস্থাপক (অপারেশনস)	সভাপতি
২.	উপ-মহাব্যবস্থাপক, সেক্রেটারিজ ডিভিশন	সদস্য
৩.	উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন	সদস্য
৪.	সহকারী মহাব্যবস্থাপক, সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট	সদস্য
৫.	সহকারী মহাব্যবস্থাপক, ল' ডিপার্টমেন্ট (আইসিবি, এডহক কমিটি)	সদস্য
৬.	সহকারী মহাব্যবস্থাপক, বাজেট এন্ড রিস্ক ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট	সদস্য
৭.	সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট	সদস্য
৮.	সহকারী মহাব্যবস্থাপক, পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট	সদস্য সচিব
৯.	সহকারী মহাব্যবস্থাপক, চেয়ারম্যান-এর সচিবালয় ও কাস্টডিয়ান ডিপার্টমেন্ট (যৌথ দায়িত্ব)	সদস্য
১০.	সভাপতি, আইসিবি কর্মচারী ইউনিয়ন	সদস্য

কমিটির কার্যপরিধি (TOR):

- কমিটি কর্পোরেশনের কর্মচারীগণের গোষ্ঠী মেয়াদী বীমা স্কিম গ্রহণের বিষয়ে সংগৃহীত তথ্য যাচাই-বাছাই করে প্রতিষ্ঠানের কর্মচারীদের কল্যাণের জন্য “ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) গোষ্ঠী মেয়াদী বীমা নীতিমালা, ২০২১” এর খসড়া প্রণয়ন করবে;
- কমিটি কর্পোরেশনে কর্মরত কোনো কর্মচারী চাকুরিরত অবস্থায় অকাল মৃত্যুবরণ করলে অথবা গুরুতর আহত হয়ে স্থায়ীভাবে অক্ষম হলে তাঁর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের যথার্থতা বিশ্লেষণ করবে এবং প্রয়োজনে এ সংক্রান্ত একটি নীতিমালার খসড়া প্রণয়ন করবে।

০২। কমিটি আগামী ৩০ কার্যদিবসের মধ্যে বর্ণিত নীতিমালাসমূহের খসড়া প্রণয়নপূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করবে।

০৩। সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটি প্রয়োজনে কর্পোরেশনের যে কোনো কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


 (বিভাস সাহা)
 উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।